

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]
প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-২৩৪-আইন/২০১৯/৭০-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৩২ক তে প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, অত্র বিভাগের ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৮৬-আইন/২০১৯/৪৩-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর কলাম (১) এ উল্লিখিত-

(ক) শিরনামা সংখ্যা S০৩৭, S০৪৮, S০৪৯ ও S০৭২ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত সেবার কোড ও এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে, নিম্নরূপ শিরনামা সংখ্যা, সেবার কোড ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০৩৭ S০৩৭.০০ যোগানদার (Procurement Provider):

ব্যাখ্যা।- “যোগানদার” অর্থ কোটেশন বা দরপত্র বা কার্যাদেশ বা অন্যবিধভাবে কোনো মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তর, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন কোনো প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোনো সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কোনো বেসরকারি প্রতিষ্ঠান, কোনো ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান, কোনো মাধ্যমিক বা তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান এবং কোনো লিমিটেড কোম্পানির নিকট পণের বিনিময়ে অব্যাহতিপ্রাপ্ত সরবরাহ ব্যতীত অন্য যে কোনো পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

- S08৮ S08৮.০০ **পরিবহন ঠিকাদার:**
ব্যাখ্যা।- “পরিবহন ঠিকাদার” অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে কোনো সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠান, মাধ্যমিক বা তদূর্ধ্ব পর্যায়ের (Post Secondary) শিক্ষা প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানিতে, তালিকাভুক্ত হউক বা না হউক, পণের বিনিময়ে যে কোনো পণ্য পরিবহনপূর্বক গন্তব্যস্থলে পৌঁছানোর দায়িত্ব পালন করেন।
- S08৯ S08৯.০০ **যানবাহন ভাড়া প্রদানকারী:**
ব্যাখ্যা।- “যানবাহন ভাড়া প্রদানকারী” অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠান, মাধ্যমিক বা তদূর্ধ্ব পর্যায়ের (Post Secondary) শিক্ষা প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানিকে, কার (ট্যাক্সিক্যাব ব্যতীত), জীপ, মাইক্রোবাস, বাস, কোষ্টার, মিনিবাস, ট্রেন, লঞ্চ, স্পীডবোট, ট্রলার বা অনুরূপ যে কোনো নামের বা ধরনের স্থলযান বা জলযান ভাড়া প্রদান করেন।
- S0৯২ ০৯২.০০ **মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান:**
ব্যাখ্যা।- “মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা” অর্থ কোনো মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তর, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন কোনো প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোনো সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কোনো বেসরকারি প্রতিষ্ঠান, কোনো ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান, কোনো মাধ্যমিক বা তদূর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান ও কোনো লিমিটেড কোম্পানিকে সুনির্দিষ্ট কাজ সম্পাদনের বা সামগ্রিক ব্যবস্থাপনার লক্ষ্যে

চুক্তির ভিত্তিতে পণের বিনিময়ে দক্ষ, অদক্ষ জনশক্তি সরবরাহ বা দাপ্তরিক সেবা প্রদানকারী কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং শ্রম হ্যান্ডলিং বা শ্রমিক ঠিকাদার প্রতিষ্ঠান বা শ্রমিক সরবরাহকারী প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে”;

- (খ) শিরনামা সংখ্যা S০৭৯ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত সেবার কোড ও এন্ড্রিসমূহ বিলুপ্ত হইবে;
- (গ) শিরনামা সংখ্যা S০৭৮ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত সেবার কোড ও এন্ড্রিসমূহের পর নিম্নরূপ নূতন শিরনামা সংখ্যা, সেবার কোড ও এন্ড্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“S০৮০ S০৮০.০০ রাইড শেয়ারিং:

ব্যাখ্যা।- “রাইড শেয়ারিং” অর্থ কোনো ইন্টারনেট বা ওয়েব বা অনলাইন প্ল্যাটফর্ম বা মোবাইল বা অন্য কোনো ইলেক্ট্রনিক অ্যাপ্লিকেশন ব্যবহার করিয়া ব্যক্তি মালিকানাধীন মোটরযানের মাধ্যমে প্রদত্ত কোনো যাত্রী পরিবহন সেবা”;

- (ঘ) শিরনামা সংখ্যা S০৯৯ ও সেবার কোড S০৯৯.৫০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পর নিম্নরূপ নূতন শিরনামা সংখ্যা, সেবার কোড ও এন্ড্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

“S০৯৯ S০৯৯.৬০ অনলাইনে পণ্য বিক্রয়:

ব্যাখ্যা।- “অনলাইনে পণ্য বিক্রয়” অর্থ ইলেক্ট্রনিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে সেই সকল পণ্য ও সেবার ক্রয়-বিক্রয়কে বুঝাইবে যাহা ইতোপূর্বে কোনো উৎপাদনকারী বা সেবা প্রদানকারীর নিকট হইতে মূসক পরিশোধপূর্বক গৃহীত হইয়াছে এবং যাহাদের নিজস্ব কোনো বিক্রয়কেন্দ্র নাই”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ তারেক হাসান)
দ্বিতীয় সচিব (মূসক নীতি)